



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/13/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ রোশেলে স্টেটের প্রথম ড্রাইভ-থ্রু কোভিড-19 ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্র চালু করলেন

নর্থওয়েল এবং বায়োরেফারেন্সের সাথে অংশীদারিত্বে, ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্র আজ 200 জনকে এবং আগামী দিনগুলোতে প্রতিদিন 500 জন পর্যন্ত পরীক্ষা করবে

নিউ রোশেলের বাসিন্দাদেরকে ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্রে অ্যাপয়েন্টমেন্টের জন্য 888-364-3065 ফোন করতে হবে

এখানে পরীক্ষা ছাড়াও, বায়োরেফারেন্স গবেষণাগার নিউ ইয়র্কবাসীর জন্য প্রতি দিন 5,000 পরীক্ষা পরিচালনা করবে - যা নিউ ইয়র্কে প্রাদুর্ভাব হবার সময়কার স্টেটের লক্ষ্যের চাইতে পাঁচগুন বেশি

স্টেট জুড়ে 28টি সরকারি এবং বেসরকারি গবেষণাগারগুলোতে যে পরীক্ষা নিরীক্ষা হবে সেগুলোর সাথে সাথে এই অঙ্গীকারও পরিচালিত হবে

স্টেটে পরীক্ষা নিরীক্ষার সক্ষমতা বহুলাংশে বৃদ্ধি করার উদ্দেশ্যে গভর্নরের আগ্রাসী প্রচেষ্টাকে ভিত্তি করে সামনে এগিয়ে নিয়ে যায়

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউ রোশেলে স্টেটের প্রথম ড্রাইভ-থ্রু কোভিড-19 ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্র চালু করেছেন। নর্থওয়েল (Northwell) এবং বায়োরেফারেন্সের (BioReference) সাথে অংশীদারিত্বে, ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্র, যেটি ওয়েস্টচেস্টার কাউন্টির সকল অংশে সেবা কার্যক্রম পরিচালনা করে, সেটি আজকে 200 জন এবং আগামী দিনগুলোতে প্রতিদিন 500 জনকে পরীক্ষা করা পর্যন্ত বৃদ্ধি পাবে।

ড্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্রটি সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ জনসংখ্যার অংশ এমন ব্যক্তিদের পরীক্ষায় অগ্রাধিকার দিচ্ছে। নিউ রোশেলের বাসিন্দারা যারা পরীক্ষা করতে চান তারা [888-364-3065](tel:888-364-3065) নম্বরে ফোন করে অ্যাপয়েন্টমেন্ট করতে পারবেন।

"নভেল করোনাভাইরাস মোকাবেলায় এবং নিয়ন্ত্রণে আমরা সবচেয়ে গুরুত্বপূর্ণ যে কাজটি করতে পারি তা হচ্ছে এটির পরীক্ষা করা এবং এই সংকটের মধ্যে ফেডারেল সরকার যখন অসতর্কাবেশায় পড়ে গিয়েছে তখন নিউইয়র্ক শূন্যস্থান পূরণ করতে এবং পরীক্ষার সক্ষমতা বাড়িয়ে তুলতে এগিয়ে এসেছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নর্থওয়েল এবং বায়োফেরেন্সের সাথে স্টেটের প্রথম ড্রাইভ-থ্রু টেস্টিং সুবিধা চালু করতে এবং সর্বাধিক ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী যাতে - একটি দক্ষ, নিরাপদ, স্মার্ট উপায়ে - এই মহামারীটি নিয়ন্ত্রণে এবং মোকাবেলা করতে আমাদের সহায়তা করতে প্রয়োজনীয় পরীক্ষাগুলো পায় সে উদ্দেশ্যে অংশীদারিত্ব করেছি। আমরা যখন আমাদের নিজস্ব এবং আরও বেশি বেশি লোকের পরীক্ষা করবো, তখন এই ভাইরাসে আক্রান্ত মানুষের সংখ্যা বাড়তে থাকবে, কিন্তু নিউ ইয়র্কবাসীর শান্ত থাকতে হবে এবং মনে রাখতে হবে যে আমরা যত বেশি আক্রান্ত হবার ঘটনা পাব, ততই আমরা ভাইরাসটিকে সীমিত করতে এবং এর বিস্তার হ্রাস করতে পারবো।"

এই নতুন পরীক্ষা স্থাপনাটি নিউ ইয়র্ক স্টেটে পরীক্ষা নিরীক্ষার সামর্থ্য বহুলাংশে বৃদ্ধি করতে গভর্নরের আগ্রাসী উদ্যোগের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। ফেডারেল সরকার জাতির জন্য যখন একটি বাধা হয়ে দাঁড়িয়েছে এবং প্রাদুর্ভাবে প্রারম্ভিকভাবে সাড়া দেওয়ার ক্ষেত্রে দেশের সক্ষমতাকে ধীর করে দিয়েছে, তখন নিউ ইয়র্ক স্টেট পরীক্ষার ফাঁক পূরণে পদক্ষেপ নিতে এগিয়ে এসেছে।

নিউ রোশেলের ব্রাম্যমাণ পরীক্ষা কেন্দ্রে পরিচালিত পরীক্ষা ছাড়াও, স্টেট বায়োরেফারেন্স গবেষণাগারের সাথে প্রতি দিন অতিরিক্ত 5,000 পরীক্ষা পরিচালনার উদ্দেশ্যে অংশীদারিত্ব করছে - যা নিউ ইয়র্কে প্রাদুর্ভাব হবার সময়কার স্টেটের লক্ষ্যের চাইতে পাঁচগুন বেশি। স্টেট জুড়ে 28টি সরকারি এবং বেসরকারি গবেষণাগারগুলোতে এবং স্টেটের বাইরে যেগুলোর সাথে নিউ ইয়র্কে ইতোমধ্যে চুক্তি করছে সেগুলোতে হওয়া পরীক্ষা নিরীক্ষার সাথে সাথে এই অঙ্গীকারও পরিচালিত হবে।

এগুলোর সবই যত বেশি সম্ভব নিউ ইয়র্কবাসীকে পরীক্ষা করানো সম্ভব তার জন্য গভর্নর কুওমো এবং স্বাস্থ্য দপ্তরের নেয়া সক্রিয় পদক্ষেপগুলোর ফলাফল।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)